জীবননগরে আইনশৃংখলা বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলায় আইনশৃংখলা ও চোরচালান বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহসপ্রতিবার বেলা ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে উপজেলায় আইনশৃংখলা ও চোরচালান প্রতিরোধ বিষায়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র,বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান,উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান,সাংবাদিক জাহিদ বাবু,মিঠুন মাহমুদ প্রমুখ।

জীবননগরে সুবিধাভোগিদের সাথে মতবিনিময় সভায় এমপি টগর

ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগি মানুষদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুরে সীমান্ত ইউনিয়ন পরিষদের আয়োজনে বন্দরের মাঠে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা চেয়ারম্যান

হাফিজুর রহমান, জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম, সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা সহকারী কমিশনার ভূমি তিত্রী মিত্র।

জীবননগর সীমান্ত ইউনিয়ানের বিভিন্ন স্তরের সাধারণ মানুষ ও সরকারী বিভিন্ন সুযোগ সুবিধাভোগি, মাতৃত্বকালিন, প্রতিবন্ধি, বয়স্ক, বিধবা ভাতাসহ সকল ভাতার আওতায় থাকা অসহায় মানুষদের সাথে এ সময় মতবিনিময় করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

মতবিনিময় সভায় ভাতাভোগি প্রায় ২২০০ জন নারী পুরুষ উপস্থিত ছিলেন।

জীবননগরের দত্তনগরে এসএসসি ৯৩ ব্যাচের রি-ইউনিয়ন অনুষ্ঠিত

আজ শুক্রবার (৬ অক্টোবর) চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার দত্তনগর বিএডিসি ফার্মের হলরুমে জীবননগর উপজেলার এসএসসি ১৯৯৩ ব্যাচের আয়োজনে এসএসসি -৯৩ রি-ইউনিয়ন ২০২৩ নামে ব্যচটির মিলন মেলা অনুষ্ঠিত হয়।

রি-ইউনিয়ন অনুষ্ঠানে শুক্রবার এসএসসি ব্যাচ ১৯৯৩ জীবননগর এর আয়োজনে দত্তনগর বিএডিসি ফার্মে খুলনা বিভাগের ১০ জেলা থেকে ৯৩ ব্যাচের কয়েকশ বন্ধু উপস্থিত থেকে স্মৃতিচারণ, আড্ডা, শোক প্রকাশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে গান করেন ৯৩ এসএসসি ব্যাচের সদস্য শাহিন, শুমিত ও হাবিব। সবশেষে র্যাফেল ড্র এর মাধ্যমে দিনব্যাপী অনুষ্ঠিত মিলনমেলার সমাপ্তি ঘোষণা করা হয়।

জীবননগরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালন

‘জন্ম ও মৃত্যু নিবন্ধন করি, নাগরিক অধিকার নিশ্চিত করি’ এ শ্লোগানকে সামনে রেখে জীবননগর জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল ১০টায় উপজেলা পরিষদের কার্যালয় থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

এরপর জীবননগর উপজেলা পরিষদের হলরুমে উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান।

সভায় উপজেলা চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান বলেন, জন্ম নিবন্ধন শিশুর অধিকার। জন্মের ৪৫ দিনের মধ্যে বিনামূল্যে জন্মনিবন্ধন বিতরণ করতে হবে । জন্ম নিবন্ধনে মানুষকে উদ্ধুদ্ধ করতে হবে। যারা নিবন্ধন করে তাদের সহায়তা করতে হবে। জন্মনিবন্ধন ব্যক্তি লাভের বিষয় নয়। দেশের বাজেট তৈরীতে পরিকল্পনা গ্রহনে বাধাগ্রস্থ হয়। মৃত্যু নিবন্ধন করাও জরুরি। মৃত্যু সনদ তৈরীতে সতর্ককতার সাথে দায়িত্ব পালন করতে হবে।`

জীবননগরে ৩৬ বোতল ফেন্সিডিলসহ আটক-৫

জীবননগর থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩৬বোতল ফেন্সিডিলসহ ৫মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আজ বৃহস্পতিবার ভোর ৩টার সময় জীবননগর অফিসার ইনচার্জ (ওসি)এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে এসআই(নি:) এসএম রায়হান সঙ্গীয় অফিসার ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে জীবননগর জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামের বন্দর মাঠ সংলগ্ন পাকা রাস্তার উপর ৫ জনকে আটক করে পুলিশ।

আটককৃত আসামীরা হলেন মোঃ রাজা মিয়া (২৬), পিতা-মোঃ কলম মিয়া, মোঃ রোহান মিয়া (১৯), পিতা-মোঃ আরিফুল ইসলাম, মোঃ রিয়াজ আলী (১৯), পিতা-মোঃ সমীর আলী, মোঃ নাইমুল হাসান (১৯), পিতা-মোঃ মিন্টু মিয়া, আল্ ফাত্তাহ আল মামুন (১৯), পিতা-মোঃ হামিদুল ইসলাম, ৩৬ বোতল মাদকদ্রব্য ফেন্সিডিল সহ আটক করে।

আটককৃত আসামীদের বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন।

জীবননগর উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা

জীবননগরে চিকিৎসার মান উন্নয়নের লক্ষে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কমকতা ডাঃ সেলিমা আক্তারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২আসনের সংসদ সদস্য হাজী আলী

আজগার টগর।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজ,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা,জীবননগর থানার ওসি এস,এম,জাবিদ হোসেন,উপজেলা সমাজ সেবা অফিসার জাকির উদ্দিন মোড়ল,বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু,সাংবাদিক এম,আর বাবু,জাহিদ বাবু, কাজী শামসুর রহমান, মিঠুন মাহমুদ প্রমুখ।

জীবননগরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে পুলিশের মতবিনিময় সভা

জীবননগর থানা পুলিশের সাথে আসন্ন দুর্গাপূজা উপলক্ষে সনাতন ধর্মাবলম্বী নেতৃবৃন্দেরে আইন শৃঙ্খলা বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে থানা ক্যাম্পাসে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন,জীবননগর থানার অফিসার ইনচার্জ এসএম জাবিদ হাসান। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন,জীবননগর-দামুড়হুদা সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, অফিসার ইনচার্জ (তদন্ত) আবু সাইদ, জীবননগর উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি যাদব প্রমানিক, সাধারন সম্পাদক নারায়ন ভৌমিক, উপজেলা হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি রমেন বিশ্বাস,সাধারন সম্পাদক সাগর বিশ্বাস। এ ছাড়াও বক্তব্য রাখেন, প্রশান্ত দাস, সরজিত কর্মকার, বিপ্লব কুমার পাল, জীবন সেন, নিত্য কর্মকার।

মতবিনিময় সভায় প্রধান অতিথি সিনিয়র সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা বলেন,পূজা চলাকালীন সময়
এবং দুর্গা বিসর্জনের সময় সবাইকে সতর্ক থাকতে হবে। কোন অবস্থাতেই কাউকে বিশৃঙ্খলা সৃষ্টি করতে দেয়া যাবে না। অপরাধীদের

ব্যাপারে পুলিশের তৎপরতাও থাকবে। সকল ধর্মের মানুষ শান্তিপুর্ণ ভাবে তাদের ধর্মীয় উৎসব পালন করবে এবং পুলিশ সে ব্যাপারে সকল ধরনের সহযোগীতা দিবে।

জীবননগর ইবনেসিনা ক্লিনিকের বিরুদ্ধে ভুল অস্ত্রপাচারের অভিযোগ

জীবননগরে ইবনেসিনা ক্লিনিকের বিরুদ্ধে নানা অভিযোগ ভুল অস্ত্রপাচারের নওয়াজেস হোসেন (৪৮) নামের এক রোগী মৃত্যুর দোয়ারে।

এ ঘটনায় আজ মঙ্গলবার দুপুরে জীবননগর থানায় লিখিত অভিযোগ করেছেন নওয়াজেস হোসেনের ভাই মো. মোস্তফা। বর্তমানে নওয়াজেসের অবস্থা আশঙ্কাজনক। তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি রয়েছেন।

অভিযোগ সূত্রে জানা গেছে, গত ৭ সেপ্টেম্বর জীবননগর উপজেলার কাশিপুর দক্ষিণপাড়ার নওয়াজেস হোসেন (৪৮) জীবননগর হাসপাতালের অদূরে ইবনেসিনা ক্লিনিকে হার্নিয়া রোগ নিয়ে চিকিৎসার জন্য ভর্তি হন। সেই দিন রাত ৮টার দিকে নওয়াজেস হোসেনের ভুল অস্ত্রপচার করা হয়। এরপর থেকে তার শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। একপর্যায়ে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেও তার অবস্থার অবনতি হলে তাকে গত ২১ তারিখে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানকার চিকিৎসক পরীক্ষা-নিরিক্ষার পর জানায় তার ভুল অস্ত্রপচার করা হয়েছিল। বর্তমানে তাকে আইসিইউতে রাখতে হচ্ছে। প্লাস্টিকের নাড়ীর মাধ্যমে তিনি বাথরুপ করছেন।

ইবনেসিনা ক্লিনিকের মালিক আব্দুল জব্বারের সাথে কথা বললে তিনি কলেন, আমাদের ক্লিনিকে কোনো ভুল অস্ত্রপচার করা হয়নি। জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সাবেক স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডাঃ হাসানুজ্জামান নুপুর নওয়াজেস হোসেনের হার্নিয়ার অস্ত্রপচার করেছেন। রোগীর অবস্থা ভালোই ছিল। তবে

তারা চিকিৎসকের নির্দেশনা মানেনি। শুধু এক জায়গা থেকে আরেক জায়গায় ঘুরছে।

এ বিষয়ে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সাবেক স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডাঃ হাসানুজ্জামান নুপুর বলেন, কোনো ভুল অস্ত্রপচার করা হয়নি। সঠিক অস্ত্রপচার করা হয়েছে। অস্ত্রপচারের পর রোগীর কেউ তার সঙ্গে যোগাযোগ করেনি।

জীবননগর থানার ওসি (তদন্ত) মোঃ সাঈদ হোসেন বলেন,জীবননগর ইবনেসিনা ক্লিনিকের বিরুদ্ধে একটা লিখিত অভিযোগ পাওয়া গেছে বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে জরিমানা

জীবননগরে আলো ডায়াগনস্টিক সেন্টারে বিভিন্ন অনিয়মের অভিযোগে ভ্রাম্যমাণ আদালতের অভিযান,চালিয়ে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

এ ভ্রাম্যমান অভিযান পরিচালনা করেন জীবননগর সহকারী কমিশনার (ভুমি) তিথি মিত্র। এ সময় তিনি বলেন,ফ্রি রোগী দেখার নাম করে সাদা কাগজে প্রেসক্রিপশন করে রোগীদের কাছ থেকে হাতিয়ে নেন মোটা অংকের টাকা বিভিন্ন সিন্ডিকেট এর মাধ্যমে তিনি এই কাজ করেন।

কিন্তু রাশেদ চেম্বার করার কথা থাকলেও অভিযানের কৌশলে তিনি সটকে পড়েন। কনসালটেন্সি সেন্টারের নাম করে নিবন্ধন নিলেও প্রতিদিন বসেনা কোন কনসাল্টেন্ট। কনসালটেন্ট সেজে দিনের পর দিন সাদা কাগজের প্রেসক্রিপশন।কনসালটেন্টের চেয়ারে বসে রাশেদ নিজেই। কিন্তু আজ অভিযান পরিচালনার সময় পাওয়া যায়নি ডি এম এফ ডাক্টার রাশেদ। এটাও এক প্রকার প্রতারণার শামিল বলে ধরনা করছে সাধারন রোগিরা।

এ অভিযানে সহযোগীতা করেন জীবননগর স্বাস্থ্য কমপ্লেক্সের আর এম ও

মুস্তাফিজুর রহমান সুজন, সেনেটারী ইনস্পেকটর আনিসুর রহমান, ভূমি অফিসের কর্মকর্তা সহ জীবননগর থানা পুলিশের একটি টিম।

জীবননগরের উথলী বালিকা বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ এসডিজি মোতাবেক উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে দেশের অগ্রগতি, অর্জন, সাফল্য ও লক্ষ্য সমূহের সাথে জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং ডেঙ্গু প্রতিরোধ, মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ বিষয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার সময় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মুক্ত মঞ্চে ওই নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান। এ সময় তিনি বলেন, নারীর ক্ষমতায়ন, নারীর অধিকার ও সামাজিক নিরাপত্তা প্রদানে আওয়ামী লীগ সরকার নিরলসভাবে কাজ করে আসছেন। নারী পাচার, ইভটিজিং ও বাল্যবিয়ে এখন অনেকটাই কমে এসেছে।সরকার নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে তাদের স্বাবলম্বী করে গড়ে তুলেছে। একটি অসাধু চক্র বিভিন্ন গুজব ও অপপ্রচার ছড়িয়ে দেশের সম্মান ক্ষুন্ন করার চেষ্টা করছে। আপনারা কেউ এই ধরনের গুজবে কান দিবেন না। নারীদের সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে বর্তমান সরকার নারীদের বিধবা ভাতা, মাতৃত্বকালীন ভাতাসহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করে আসছেন। আমাদের দেশে জনসংখ্যার অর্ধেক পুরুষ ও অর্ধেক নারী। সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডে নারীদের সম্পৃক্ত আরও বাড়াতে হবে।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসার শিল্পী মন্ডল। তিনি তার বক্তব্যে বলেন, সারা বিশ্বে বাংলাদেশ এখন

উন্নয়নের রোল মডেল। টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জন করে ২০৪১ সালে আমরা পৌঁছে যাবো উন্নত দেশের কাঙ্খিত গন্তব্যে। উন্নয়নের এই ধারায় নারীদের সম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে।মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ করে নারীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আব্দুল হান্নান, চুয়াডাঙ্গা খাদ্য নিয়ন্ত্রক সজিব পাল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুৎফর রহমান, সাংবাদিক আকিমুল ইসলাম, বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সদস্য সেলিম হোসেন, মাহফুজুর রহমান, আলমগীর হোসেন, এনামুল হক, মুসলিমা খাতুন প্রমুখ। সমাবেশে দু’ শতাধিক নারী উপস্থিত ছিলেন।